গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন, (৮ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৫২.০১.০০০০.১০৪.১১.২০৬.১২(অংশ-১)- ১৬৮৬ তারিখঃ ০৮/০৬/২০১৭

বিষয় ঃ দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব বাজেটের ( গ্রেড ১১-১৬) পর্যন্ত ৩য় শ্রেণির শূন্য পদে সরাসরি ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে এতদসংগে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি (১৪"X ৪ কলাম) আপনার প্রচারিত পত্রিকায় সকল সংস্করণে ৩য় পাতায় আগামী ০৯ জুন,২০১৭ খ্রিঃ ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হল।

সংযুক্তি বর্ণনামতে- ০২ (দুই) সেট।

০৮/০৬/১৭
(মোহাম্মদ আবদুল কাদির মিয়া)
পরিচালক
ফোন ৮১৮১৪২১

১) ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক ইত্তেফাক, ঢাকা।

২) ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক যুগান্তর, ঢাকা।

৩) ম্যানেজার (বিজ্ঞাপন)
দি ডেইলি স্টার, ঢাকা।

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি ঃ

০১। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি ও আবেদন পত্রের নির্ধারিত ফরম বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিসংখ্যান ভবন, বিবিএস, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিসংখ্যান ভবন, বিবিএস, ঢাকা।
০৫। অফিস কপি।

C:NOTE2.DOC

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৫২.০০.০০০০.১০৪.১১.২০৬.১২(অংশ-১)-১৮৮৬

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
০৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণির নিম্নোক্ত শূন্য পদসমূহের বিপরীতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা এর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান তদন্তকারী | ৯৪ | গ্রেড-১২ (টাঃ ১১৩০০-২৭৩০০/-) | পরিসংখ্যান বিষয়ক কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএসসি বা বিএ অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেটধারীর জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য। |
| ০২ | থানা পরিসংখ্যানবিদ | ০৮ | গ্রেড-১২ (টাঃ ১১৩০০-২৭৩০০/-) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএসসি বা বিএ অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | পরিসংখ্যান সহকারী | ২০ | গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএসসি বা বিএ অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | জুনিয়র পরিসংখ্যান সহকারী | ৩৭ | গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত এ ৩ (তিন) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিজ্ঞান বা মানবিক অথবা বাণিজ্য বা কৃষি বিভাগে এইচএসসি পাশ হতে হবে। |
| ০৫ | ইনুমারেটর | ০১ | গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত এ ৩ (তিন) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিজ্ঞান বা মানবিক অথবা বাণিজ্য বা কৃষি বিভাগে এইচএসসি পাশ হতে হবে। |

শর্তাবলীঃ

(১) প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি নাতনি) ব্যতীত অন্য কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(২) প্রার্থীকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে **www.bbs.gov.bd** হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে অথবা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জেলা পরিসংখ্যান অফিসসমূহ হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। নির্ধারিত ফরমের আবেদনপত্র ছাড়া অন্য কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(৩) আবেদনপত্রের সঙ্গে অবশ্যই প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫ সেমি X ৫ সেমি সাইজের সত্যায়িত ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট পদের জন্য যে বিষয় চাওয়া হয়েছে সে বিষয় প্রমাণের জন্য মার্কশীটের কপি এবং অভিজ্ঞতার সনদ পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

(৪) প্রার্থীকে ১০০/- (একশত) টাকা পরীক্ষার ফিস বাবদ তফসিলি ব্যাংকে ১-১৬৩১-০০০০-২০৩১ নং কোডে (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সংগে অবশ্যই সংযুক্ত করতে হবে।

(৫) লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রেরণের জন্য আবেদনপত্রের সাথে ৬.০০ (ছয়) টাকা মূল্যের ডাক টিকিটসহ ১০"X ৪" সাইজের খামের উপর বিজ্ঞপ্তির স্মারক নম্বর, নিজ জেলা এবং যোগাযোগের ঠিকানা (প্রার্থী যে ঠিকানায় চিঠি পেতে ইচ্ছুক) উল্লেখ পূর্বক অবশ্যই সংযুক্ত করতে হবে।

(৬) আবেদনপত্র প্রেরনের জন্য ব্যবহৃত খামের উপর পদের নাম এবং নিজ জেলা উল্লেখ করে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এ ঠিকানা বরাবর **আগামী ১৩ জুলাই ২০১৭ তারিখের** মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে।

(৭) **মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে প্রার্থীর বয়সসীমা ৩০ জুন, ২০১৭ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ৩০ জুন, ২০১৭ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

(৮) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে অবশ্যই প্রার্থীর পিতা/ মাতা, পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা বিষয়ে বৈধ সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৯) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্বখাতে কর্মরত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসাবে গণ্য হবেন এবং এরুপ প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।

(১০) কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(১১) প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না এবং পরীক্ষা গ্রহণের কারণে কর্তৃপক্ষ কাউকে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

(১২) নিয়োগকৃত কর্মচারীগণকে মাঠ পর্যায়ে পদায়ন করা হবে।

(১৩) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

(১৪) প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা নির্বাচনী পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার আবেদন বা পরীক্ষা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৫) কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮.০৬.১৭

(মোহাম্মদ আবদুল কাদির মিয়া)
পরিচালক (প্রশাসন)

# চাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫×৫ ছবি
(সাম্প্রতিক তোলা ৪ কপি)

বরাবর

...............................................................

...............................................................

...............................................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): |

| | | | |
|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬। জন্মস্থান: জেলা : | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/ নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংকের শাখান নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর